ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

বিষয় ঃ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় বিদ্যমান বিভিন্ন সংস্থার ওভারহেড ক্যাবল সমুহ পরিকল্পিতভাবে মাটির নিচে স্থানান্তর বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী।

সভাপতি	ঃ মাননীয় মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
সভার তারিখ ও সময়	ঃ ২৯/০৭/২০২০ ইং; দুপুর ১২ঃ০০ ঘটিকা।
সভার স্থান	ঃ মাননীয় মেয়র মহোদয়ের সম্মেলন কক্ষ, নগর ভবন।
সভার উপস্থিতি	ঃ পরিশিষ্ট -ক

১.০ আলোচনাঃ

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি ডিএনসিসি এলাকার সৌন্দর্য বৃদ্ধির লক্ষ্যে পরিকল্পিতভাবে বিভিন্ন সড়কে এলোমেলোভাবে বিদ্যমান ক্যাবল যথা- বৈদ্যুতিক ক্যাবল, ইন্টারনেট ক্যাবল, ক্যাবল অপারেটর, ইত্যাদির ক্যাবলসমূহ ওভারহেড অবস্থা থেকে মাটির নিচে স্থানান্তরের উপর গুরুত্ব আরোপ করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে নির্বাহী প্রকৌশলী, ট্রাফিক ইঞ্জিনিয়ারিং সার্কেল জানান, প্রধানমন্ত্রীর কার্যালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ১৫/০১/২০১৫ইং তারিখের অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে প্রগতি সরনির কুড়িল ফ্লাইওভার হতে মালিবাগ চৌধুরী পাড়া পর্যন্ত প্রায় ৭.৭০ কিলোমিটার অংশে কমন ইউটিলিটি টানেল নির্মানের ফিজিবিলিটি স্ট্যাডির জন্য পরিকল্পনা ও নকশা বিভাগ হতে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োজিত করা হয়। উক্ত পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত রিপোর্ট, প্রাপ্ত ডাটা, পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তাবিত ডিজাইন ইত্যাদি প্রেজেন্টেশনের মাধ্যমে তিনি সভায় উপস্থাপন করেন।

অতঃপর প্রধান প্রকৌশলী বলেন, বর্ধিত ডিএনসিসি এলাকার জন্য সদ্য অনুমোদিত প্রকল্পের আওতায় উক্ত এলাকার প্রধান সড়কে ইউটিলিটি ডাক্ট নির্মান করার পরিকল্পনা রয়েছে। উক্ত পরিকল্পনা মোতাবেক ইউটিলিটি ডাক্ট স্থাপনের মাধ্যমে ডিএনসিসি'র নতুন এলাকায় বিদ্যমান ওভারহেড ক্যাবল সমুহ মাটির নিচে স্থানান্তর করা যাবে। পরিকল্পিত নগরায়নের লক্ষ্যে ডিএনসিসি'র সকল এলাকায় বিদ্যমান ওভারহেড ক্যাবল সমুহ মাটির নিচে স্থানান্তর করা প্রয়োজন।

অতঃপর সভায় উপস্থিত ফাইবার এট হোম এর প্রতিনিধি জানান, ইতিমধ্যে মহাখালী ডিওএইচএস এলাকার সকল ওভারহেড ক্যাবল মাটির নিচে স্থানান্তর করা হয়েছে। উক্ত ক্যাবল ব্যবহার করে বিভিন্ন অপারেটরগন তাদের সেবা প্রদান করছে; একইভাবে ডিএনসিসি'র অন্যান্য এলাকায় মাটির নিচে ক্যাবলসমূহ স্থানান্তর করার কার্যক্রম নেয়া যেতে পারে। তিনি আরো জানান, গুলশান, বনানী, উত্তরা এলাকায় ফাইবার এট হোম এর নিজস্ব ব্যবস্থাপনায় হাউজহোল্ড কানেকশন রয়েছে; যা সহজেই ক্যাবল অপারেটরগন ব্যবহার করতে পারেন। ডিএনসিসি এলাকার বিদ্যমান ওভারহেড ক্যাবল সমুহ মাটির নিচে স্থানান্তরের বিষয়ে বিটিআরসি হতে প্রয়োজনীয় কার্যক্রম জোরদার করা প্রয়োজন মর্মে তিনি জানান। অতঃপর সভায় উপস্থিত সামিট কমিউনিকেশন এর প্রতিনিধি জানান, সরকারের পুর্ব অনুমোদন গ্রহন পুর্বক ফাইবার ক্যাবল স্থাপন করে ট্রান্সমিশন কাজ বাস্তবায়ন করার জন্য কয়েকটি প্রতিষ্ঠান রয়েছে। উক্ত প্রতিষ্ঠান যেমন- ফাইবার এট হোম, সামিট কমিউনিকেশন, বাহন, ইত্যাদি কর্তৃক স্থাপিত ক্যাবল এর মাধ্যমে ইন্টারনেট সেবাদানকারী অপারেটরগন সেবা প্রদান করার বিধান থাকলেও অনেকক্ষেত্রে তা প্রতিপালন হচ্ছে না; ফলে ডিএনসিসি এলাকায় ওভারহেড ক্যাবল এর পরিমান দিনদিন বৃদ্ধি পাচ্ছে।

এপ্রসঙ্গে সভাপতি উল্লেখ করেন, অতিদ্রুত ডিএনসিসি এলাকার বিদ্যমান সকল ওভারহেড ক্যাবল মাটির নিচে স্থানান্তর করতে হবে। এবিষয়ে ডিএনসিসি হতে ক্যাবল অপারেটর, ইন্টারনেট সেবাদানকারী প্রতিষ্ঠানসহ সকলকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা হবে। তিনি মহাখালী এলাকার পাইলট প্রকল্পটি অনুসরনে ডিএনসিসি'র অন্যান্য এলাকায় কার্যক্রম গ্রহনের নির্দেশনা প্রদান করেন। প্রথম পর্যায়ে গুলশান এভিনিউ এর কাজ শুরু করার জন্য তিনি নির্দেশনা প্রদান করেন।

অতঃপর সভায় উপস্থিত কোয়াব, আইএসপিএবি এর প্রতিনিধিগন তাদের মতামত উপস্থাপন করেন। তারা বলেন, বর্তমানে তিনটি প্রতিষ্ঠান যথা ফাইবার এট হোম, সামিট কমিউনিকেশনস ও বাহন লিঃ এর মাধ্যমে তারা ইন্টারনেট ও ক্যাবল টিভির সেবা গ্রাহক পর্যায়ে পৌছে দেন। তবে, বিভিন্ন সীমাবদ্ধতার কারনে তাদের নিজস্ব ক্যাবল ব্যবহার করতে বাধ্য হয়। এপ্রসঙ্গে ফাইবার এট হোম, সামিট কমিউনিকেশনস এর ফি কমানোর জন্য বিটিআরসি কর্তৃক প্রদক্ষেপ নেয়ায় জন্য তারা সভাপতিকে অনুরোধ করেন। এখাতে বিভিন্ন অপারেটের কর্তৃক সেবা প্রদান করায় প্রতিযোগিতা সৃষ্টি হয়ে অনেকক্ষেত্রে কমমূল্যে সেবা প্রদানের জন্য তারা এনটিটিএন এর সেবা গ্রহন করেন না। তাছাড়া এনটিটিএন এর উপর নির্ভরশীলতা বেড়ে গেলে গ্রাহক পর্যায়ে সেবা পৌছে দিতে তাদের ব্যয় বৃদ্ধি পাবার সম্ভাবনা রয়েছে মর্মে উল্লেখ করেন।

অতঃপর সভাপতি বলেন, এনটিটিএন এর সেবা গ্রহনপুর্বক কোন প্রকার চার্জ না বাড়িয়ে নগরবাসীকে ইন্টারনেট সেবা ও ক্যাবল সেবা প্রদানের জন্য তিনি কোয়াব ও আইএসপিএবি এর প্রতিনিধিগনকে অনুরোধ করেন। তিনি সামিট কমিউনিকেশনস কে ডোর টু ডোর সেবা প্রদানের কার্যক্রম গ্রহনের লক্ষ্যে প্রয়োজনীয় নেটওয়ার্ক সম্প্রসারনের নুরোধ করেন। প্রথম পর্যায়ে আগামী ০১ অক্টোবর ২০২০ ইং তারিখের মধ্যে ডিএনসিসি'র আওতাধীন গুলশান এভিনিউ এর পাকিস্তান এম্বেসি হতে গুলশান শুটিং ক্লাব পর্যন্ত সকল ওভারহেড ক্যাবল মাটির নিচে স্থানান্তরের কার্যক্রম গ্রহনের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

২.০ **সিদ্ধান্তঃ**

বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয় ঃ

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়ন
২.১	গ্রাহক পর্যায়ে সেবা মূল্য বৃদ্ধি না করে আগামী ০১ অক্টোবর ২০২০ ইং তারিখের মধ্যে গুলশান এভিনিউ এর পাকিস্তান এম্বেসি হতে গুলশান শুটিং ক্লাব পর্যন্ত প্রধান সড়কে বিদ্যমান সকল ওভারহেড ক্যাবল মাটির নিচে স্থানান্তর করতে হবে।	সামিট কমিউনিকেশন লিঃ ফাইবার এট হোম বাহন লিঃ কোয়াব আইএসপিএবি
২.২	আগামী ২ (দুই) বছরের মধ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় বিদ্যমান সকল ওভারহেড ক্যাবল সমুহ সংশ্লিষ্ট সকল সংস্থার সাথে সমন্বয় সাধন পুর্বক পরিকল্পিতভাবে মাটির নিচে স্থানান্তর করতে হবে।	ট্রাফিক ইঞ্জিনিয়ারিং সার্কেল ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২.৩	উপরে উল্লেখিত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য ট্রাফিক ইঞ্জিনিয়ারিং সার্কেল **জরুরী ভিত্তিতে** কার্যকরী প্রদক্ষেপ গ্রহন করবে।	ট্রাফিক ইঞ্জিনিয়ারিং সার্কেল ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষনা করেন।

৭/৯/২০২০

(মোঃ আতিকুল ইসলাম)
মেয়র
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।